সংবাদ

তারিখ 22.8.85
পৃষ্ঠা 1 কলাম 7

0 024

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বি, এ পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ২১শে আগস্ট (নিজস্ব সংবাদদাতার টেলিফোন)—রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৮৩ সালের (১৯৮৪ সালের জানুয়ারী মাসে অনুষ্ঠিত) বি এ পাস পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে।

পরীক্ষায় পাসের হার শতকরা ২১ ভাগ। উপস্থিত ১১ হাজার ২৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে মোট ২ হাজার ৩৫৭ জন উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে প্রথম বিভাগে একজন (রোল ৭১১৯)। দ্বিতীয় বিভাগে ১৫৫ জন এবং তৃতীয় বিভাগে ২ হাজার ২০১ জন পাস করেছে। প্রথম বিভাগে একমাত্র উত্তীর্ণ পরীক্ষার্থী হলেন যশোর সিটি কলেজের আবুল ফরাহ মোহাম্মদ আকবর মোল্লা হোসাইন। মোট ১১৮টি কলেজের মধ্যে ৫টি কলেজ থেকে কেউ উত্তীর্ণ হতে পারেনি। এ সকল কলেজ হচ্ছে: সাতক্ষীরা মহিলা কলেজ কপিলমনি কলেজ, আর আই এস ডিগ্রী কলেজ, শাহ তাবউদ্দিন কলেজ ও সাদুল্লাপুর ডিগ্রী কলেজ। সবচেয়ে বেশী পাস করেছে নবাবগঞ্জ মহিলা কলেজ থেকে। এই কলেজের পাসের হার হচ্ছে: ৯৬ দশমিক ৪৭ ভাগ।